

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩০.১৯- ৪৭

তারিখ: ০২ জুলাই ২০২০
০২ জুলাই ২০২০

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: আব্দুল গফুর, প্রাক্তন সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, চাঁপাইনবাবগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুজলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(ডি) বিধি মোতাবেক 'দুর্নীতি' এর দায়ে বিভাগীয় মামলা দায়েরপূর্বক প্রতিটি পর্যায় যথাযথ ও বিধিসম্মতভাবে অনুসরণ করে মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গত ০৯.০৮.২০১০ খ্রি: তারিখের আদেশের স্মারক নং স্বাপকম/শুংখলা-২/অভি-১১/২০০৭/২৮৩ এর মাধ্যমে তাঁকে সরকারি চাকুরি হতে "বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement)" প্রদান করা হয়।

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা বাধ্যতামূলক অবসর প্রদানের আদেশের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-বগুড়ায় এ.টি মামলা নং ২৬/২০১১ দায়ের করেন। উক্ত মামলায় বিজ্ঞ আদালত দো-তরফা সূত্রে গত ০২.১২.২০১২ খ্রি: তারিখে আদেশ প্রদান করেন এবং উক্ত আদেশে বিজ্ঞ আদালত তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার পরিপ্রেক্ষিতে গত ০৯.০৮.২০১০ খ্রি: তারিখে প্রদত্ত চাকুরি হতে বাধ্যতামূলক অবসর প্রদানের আদেশ বেআইনি ও বাতিল ঘোষণা করেন এবং অবসরজনিত যাবতীয় আর্থিক সুবিধা প্রদান করার নির্দেশনাও প্রদান করেন।

যেহেতু, এ.টি মামলা নং ২৬/২০১১ এর রায়ে বিরুদ্ধে সরকার বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে এ.এ.টি মামলা নং ৫৩/২০১৩ দায়ের করেন। উক্ত আপিল মামলা দো-তরফাভাবে শুনানী অন্তে গত ০৪.০৫.২০১৪ খ্রি: তারিখে খারিজ হয়েছে এবং উক্ত আপিল মামলার এ.টি মামলা নং ২৬/২০১১ এর রায়ে প্রদত্ত আদেশ বহাল রাখা হয়।

যেহেতু, পরবর্তীতে বিজ্ঞ প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালের মামলার আদেশের বিরুদ্ধে সরকার পক্ষে মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-২৮৯৫/২০১৫ দায়ের করা হয় এবং এটি গত ২০.০২.২০১৭ খ্রি: তারিখে খারিজ হয়ে যায়।


যেহেতু, পরবর্তীতে সরকার পক্ষে মহামান্য সুপ্রিমকোর্টের আপিলেট ডিভিশনে সিভিল রিভিউ পিটিশন নং ৬৮৮/২০১৭ দাখিল করা হয় এবং সেটি গত ০৩.০১.২০১৯ খ্রি: তারিখে খারিজ হয়ে যায় অর্থাৎ বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনালের রায় অনুযায়ী জনাব মো: আব্দুল গফুর, প্রাক্তন সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, চাঁপাইনবাবগঞ্জ এর বিরুদ্ধে সরকারি চাকুরি হতে "বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement)" প্রদানের আদেশটি বাতিলপূর্বক তাঁকে বিধি মোতাবেক প্রাপ্য অবসরজনিত যাবতীয় আর্থিক সুবিধাদি প্রদানের আদেশটি বহাল রাখা হয়।

যেহেতু, মহামান্য সুপ্রিমকোর্টের আপিল বিভাগের রায়ের পরিপ্রেক্ষিতে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনালের রায় মোতাবেক জনাব মো: আব্দুল গফুর, প্রাক্তন সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, চাঁপাইনবাবগঞ্জ এর বিরুদ্ধে আরোপিত গত ০৯.০৮.২০১০ খ্রি: তারিখে সরকারি চাকুরি থেকে বাধ্যতামূলক অবসর প্রদানের গুরুদন্ডাদেশ বাতিলপূর্বক অবসরজনিত যাবতীয় আর্থিক সুবিধাদি প্রদান করার নিমিত্ত প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ বিবেচনা ও সদয় অনুমোদনের জন্য সার-সংক্ষেপ প্রেরণ করা হয় এবং মহামান্য রাষ্ট্রপতি মো: আব্দুল গফুর, প্রাক্তন সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, চাঁপাইনবাবগঞ্জ এর সরকারি চাকুরি থেকে "বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement)" প্রদানের আদেশটি বাতিলপূর্বক তাঁকে বিধি মোতাবেক প্রাপ্য অবসরজনিত যাবতীয় আর্থিক সুবিধাদি প্রদানের প্রস্তাব সদয় হয়ে অনুমোদন করেন।

সেহেতু, বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনালে দায়েরকৃত মামলা নং ২৬/২০১১ এর পরিপ্রেক্ষিতে বিজ্ঞ ট্রাইব্যুনালের গত ০২.১২.২০১২ খ্রি: তারিখের প্রদত্ত আদেশ এর ভিত্তিতে জনাব মো: আব্দুল গফুর, প্রাক্তন সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, চাঁপাইনবাবগঞ্জ এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার পরিপ্রেক্ষিতে গত ০৯.০৮.২০১০ খ্রি: তারিখের স্বাপকম/শুংখলা-২/অভি-১১/২০০৭/২৮৩ নং স্মারকের মাধ্যমে প্রদত্ত সরকারি চাকুরি থেকে "বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement)" প্রদানের গুরুদন্ডাদেশটি এতদ্বারা বাতিল করা হলো। ইতোমধ্যে তিনি অবসর গ্রহণ করলে বিধি মোতাবেক অবসরজনিত যাবতীয় আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(মোঃ আনোয়ার হোসেন)
মুদ্রিত

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩০.১৯-

তারিখ: ০১ জুলাই ১৪২৬
২৫ জানুয়ারি ২০২০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)।
- ৩। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ
- ৪। উপসচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। উপপরিচালক (শৃঙ্খলা), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ৮। উপ-পরিচালক পরিবার পরিকল্পনা, চাঁপাইনবাবগঞ্জ।
- ৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ
- ১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। জনাব মো: আব্দুল গফুর, প্রাক্তন সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, চাঁপাইনবাবগঞ্জ।


(রেবেককা সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
Email: disc1@mefwd.gov.bd